# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্‌ টিটিউট ( হাই স্কুল )
# নিজে পড়ো (সপ্তম শ্রেণি-বাংলা)

- **পাঠ্যের নাম– আত্মকথা – রামকিঙ্কর বেইজ**
- **রচয়িতা- রামকিঙ্কর বেইজ ( বই থেকে লেখক পরিচিতি পাঠ করবে )**

**উৎস** - আত্মকথা

**মূলভাব** - রামকিঙ্কর বেইজ আধুনিক ভারতীয় ভাস্কর্যের অন্যতম পথ-প্রদর্শক, পুরোধা ব্যাক্তিত্ব, সাধক শিল্পী। শৈশবে নিজ প্রচেষ্টায় অঙ্কন ও ভাস্কর্যে বর্ণপরিচয় , পরবর্তীতে শান্তিনিকেতনে শিল্পাচার্য নন্দলাল বসুর তত্ত্ব্যবধানে শিল্পশিক্ষা সম্পূর্ণ হয়। শিল্পগুরুর প্রতি শিষ্যের গভীর শ্রদ্ধা ও নিজের শিল্পসৃষ্টির অভিজ্ঞতা আলোচ্য প্রবন্ধে বর্ণিত।

**শব্দছক**

| | শব্দ | অর্থ | পদ | ব্যাকরণ পরিচয় |
|---|---|---|---|---|
| ১ | শৈশব | ছেলেবেলা | বি | বার্ধক্য(বিপ) তৎসমশব্দ |
| ২ | কর্তৃত্ব | অধিকার | বি | কর্মদক্ষতা (সমা) |
| ৩ | অ্যানাটমি | শারীরবিদ্যা | বি | বিদেশিপদ |
| ৪ | বলিষ্ঠ | শক্তিশালী | বি | দুর্বল (বিপ) |
| ৫ | ইমপোজ | আরোপ | বি | বিদেশিপদ |

**আত্মকথা** - জীবন কেন্দ্রিক সাহিত্য রচনাকে জীবনী সাহিত্য বলে। জীবনী সাহিত্যর দুটি বিভাগ – জীবনকথা ও আত্মজীবনী। লেখক উত্তমপুরুষে নিজের জীবনের নানা কাহিনি প্রকাশ করেন যে রচনার মাধ্যমে তাকে আত্মজীবনী বলে। যেমন – রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনী ‘জীবনস্মৃতি’।

## নমুনা প্রশ্ন ও উত্তর

**1. অতিসংক্ষিপ্ত উত্তর বর্মী প্রশ্ন (২০ শব্দ )**

১.১> শৈশবে রামকিঙ্করের ছবির রং সংগ্রহ হতো কীভাবে ?

**উত্তর** -
গাছের পাতার রস থেকে সবুজ, বাটনা-বাটা শিলের হলুদ থেকে হলুদ, পায়ের আলতা থেকে লাল , ভুষোকালি থেকে কালো রঙ সংগ্রহ রামকিঙ্কর ছবিতে দিতেন ।

১.২> রামকিঙ্কর কিভাবে শান্তিনিকেতনে ছাত্র হিসাবে যোগ দিলেন ?

**উত্তর** -
১৯২৫ সালে শ্রদ্ধেয় রামানন্দ চট্টোপাধ্যায় মহাশয় বাঁকুড়া গিয়ে রামকিঙ্করকে দেখেন ও তাঁর কৃপায় রামকিঙ্কর শান্তিনিকেতনে ছাত্র হিসাবে যোগ দেন।

১.৩> শিল্পগুরু নন্দলাল বসুর কোন বৈশিষ্ট্য রামকিঙ্করকে ভীষণভাবে আকর্ষণ করে ?

**উত্তর** -
নন্দলাল বসুর প্রায় সব ছবির বিষয় ও পশ্চাৎপট খুব সাদামাটা , ছবির এই সাধারণ সুরটি রামকিঙ্করকে, ভীষণভাবে আকর্ষণ করতো ।

**2. সংক্ষিপ্ত উত্তর ভিত্তিক প্রশ্ন – ( ৬০ শব্দ )**
২.১ > রামকিঙ্কর কী ভাবে শৈশবে আঁকা শিখেছিলেন পাঠ্য প্রবন্ধ অবলম্বনে লেখো ।

**উত্তর**:
বিখ্যাত ভাস্কর শিল্পী রামকিঙ্কর বেইজ রচিত 'আত্মকথা' (মূলগ্রন্থ:আত্মকথা) রচনায় শৈশবে সম্পূর্ণ নিজের প্রচেষ্টায় অঙ্কন ও মূর্তি গড়ায় তাঁর বর্ণপরিচয় হয়েছিল তার উল্লেখ আছে । শৈশবে রামকিঙ্কর অঙ্কন শিল্পে কোনো প্রথাগত শিক্ষায় শিক্ষিত হননি। বাড়ির ঘরের চারদিকেরদেওয়ালে নানা দেবদেবীর ছবি টাঙানো থাকত , লেখক সেইসব ছবি দেখে কপি করতে করতেআঁকার অভ্যস্ত হয়েছিলেন। মূর্তিগড়ার ক্ষেত্রেও পাশের পাড়ার কুমোরদের বিভিন্ন কাজ খুব মনোযোগদিয়ে লক্ষ্য করতেন। আর বাড়িতে সুযোগ পেলেই মাটি দিয়ে পুতুল বানাতেন। সংসারের নিত্য প্রয়োজনীয় জিনিস থেকে রং, উপকরণ সংগ্রহ করতেন।গাছের পাতা,হলুদ বাটা, ভুষোকালি, আলতা রং-এর উৎস ছিল।

**3. রচনাধর্মী প্রশ্ন – ( ১৫০ শব্দ)**

৩.১> রামকিঙ্কর শান্তিনিকেতনে ছাত্র হিসাবে যোগদিতে আগ্রহী ছিলেন কেন ? শান্তিনিকেতনে তাঁর শিক্ষা জীবনের বর্ণনা দাও। ৩ + ৪

**উত্তর**:
বিশিষ্ট ভাস্কর ও চিত্রশিল্পী রামকিঙ্কর বেইজ রচিত 'আত্মকথা' (মূলগ্রন্থ: আত্মকথা) লেখক স্কুলে পড়ার সময়দেশের স্বাধীনতা আন্দোলনে যোগদান করেন।শান্তিনিকেতন একমাত্র ব্রিটিশ কর্তৃত্বের বাইরে স্বাধীনশিক্ষা প্রতিষ্ঠান ছিল, তাই সেখানে যোগদেওয়ার তীব্র ইচ্ছাছিল লেখকের।
রামকিঙ্করযখন ছাত্র হিসাবে যোগদেন তখন কলাভবনে অধ্যক্ষ ছিলেন নন্দলাল বসু। ছাত্ররা নিজের ইচ্ছেমতো কাজ করতেন ,আচার্য নন্দলাল নিজের কাজ করতেন মাঝে মাঝে ছাত্রদের দেখতেন এবং কিছুসংশোধন করে দিতেন। কিন্তু নিজে ইমপোজ করতেন না, পূর্ণ স্বাধীনতা দিয়েছিলেন ছাত্রদের। রামকিঙ্করশান্তিনিকেতনে শিক্ষার সময় অয়েল পেন্টিং করতে শিখেছিলেন নিজে থেকে।শিক্ষক নন্দলাল বসুর সাথে ছাত্রদের সম্পর্ক ছিল মধুর ।

## <u>নিজে করো</u>

**<u>১) অতি সংক্ষিপ্ত প্রশ্ন( কমবেশি ২০ শব্দে)</u>**

১.১> রামকিঙ্করের শৈশবে ভিসুয়াল আর্টে বর্ণপরিচয় হয়েছিল কিভাবে ?
১.২> রামকিঙ্কর বেইজের কয়েকটি বিখ্যাত শিল্পকর্মের নাম লেখো ?
১.৩> স্কুলে পড়ার সময় তিনি কিভাবে স্বাধীনতা আন্দোলনে জড়িয়ে পড়েন ?
১.৪> আত্মকথা কাকে বলে?

**<u>২. সংক্ষিপ্ত প্রশ্ন – (কমবেশি ৬০ শব্দ)</u>**

২.১> শৈশবে রামকিঙ্করের শিক্ষা জীবনের বর্ণনা দাও। শান্তিনিকেতনে তিনি কি ধরনের শিক্ষালাভ করেছিলেন? ২+১

২.২> ভারতীয় শিল্প সম্বন্ধে রামকিঙ্করের ধারণা কেমন ছিল? শিল্পগুরু নন্দলাল বসুর সঙ্গে তাঁর সম্পর্ক কেমন ছিল ? ২+১

**<u>৩. রচনাধর্মী প্রশ্ন – ( ১৫০ শব্দ)</u>**

৩.১>" ঐ সাদামাটা সুরটাই আমাকে ভীষণভাবে টানে" – কার সম্বন্ধে বলা হয়েছে? কীভাবে রামকিঙ্কর তাঁর দ্বারা প্রভাবিতহয়েছিলেন? ১+৬

বিঃদ্রঃ-ছাত্রছাত্রীদের সমস্যা হলে নিজের নাম,শ্রেণি,ক্রমিক সংখ্যা, ফোন নম্বর মন্তব্য কোশ এ জানাও। আমরা যোগাযোগ করব ।